www.bdniyog.com


# প্রাচীন সভ্যতা
# Ancient Civilization

## মেসোপটেমিয়া সভ্যতা (The Mesopotamian Civilization)

বিশ্বের প্রাচীনতম সভ্যতা মেসোপটেমিয়া। আনুমানিক খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে ইরাকে টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর উর্বর তীরাঞ্চলে মেসোপটেমীয় সভ্যতার বিকাশ ঘটে। এদের ভিন্ন ভিন্ন নাম থাকলেও একই ভূ-খণ্ডে গড়ে উঠায় একত্রিতভাবে এ সভ্যতাসমূহকে বলা হয় মেসোপটেমীয় সভ্যতা। 'মেসোপটেমিয়া' একটি গ্রিক শব্দ। এর অর্থ দুই নদীর মধ্যবর্তী ভূমি। আধুনিক তুরস্ক, সিরিয়া, ইরান, ইরাক ও কুয়েত রাষ্ট্রগুলো প্রচীন এই সভ্যতার অংশ ছিল। তবে বেশির ভাগ বর্তমানে ইরাকে অবস্থিত। মেসোপটেমিয়া সভ্যতার অন্তর্ভুক্ত রয়েছে সুমেরীয় সভ্যতা, ব্যাবিলনীয় সভ্যতা, অ্যাসেরীয় সভ্যতা ও ক্যালডেরীয় সভ্যতা।

BCS Spotlight

### The Sumerian Civilization (সুমেরীয় সভ্যতা)



কিউনিফর্ম

মেসোপটেমিয়ার সবচেয়ে প্রাচীন সভ্যতা গড়ে তুলেছিল সুমেরীয়গণ। সুমেরীয়দের আদিবাস ছিল এলামের পাহাড়ি অঞ্চলে। খ্রিস্টপূর্ব ৪০০০ অব্দে এদের একটি শাখা মেসোপটেমিয়ার দক্ষিণে বসতি গড়ে তোলে। সুমেরীয়দের আয়ের মূল উৎস ছিল কৃষি। তারা উন্নত সেচব্যবস্থা গড়ে তুলেছিল। সুমেরীয়গণ 'কিউনিফর্ম' (Cuneifom) নামে একটি নতুন লিপির উদ্ভাবন করে। কিউনিফর্মকে বলা হয় অক্ষরভিত্তিক বর্ণলিপি (Letter Based alphabet)। সুমেরীয়দের বর্ণমালার কোন কোনটি দেখতে ইংরেজি বর্ণমালার V এর মত। জলঘড়ি ও চন্দ্রপঞ্জিকার আবিষ্কার সুমেরীয়দের গুরুত্বপূর্ণ অবদান। সভ্যতায় সুমেরীয়দের সবচেয়ে বড় অবদান 'চাকা' (Wheel) আবিষ্কার।

### The Babylonian Civilization (ব্যাবিলনীয় সভ্যতা)



হাম্মুরাবি

সিরিয়ার মরুভূমি অঞ্চলের অ্যামোরাইট জাতি আনুমানিক ২০৫০ খ্রিস্টপূর্বাব্দে মেসোপটেমিয়া অঞ্চলে একটি নগর সভ্যতা গড়ে তোলে। ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি ছিলেন বিখ্যাত আমোরাইট নেতা হাম্মুরাবি। পৃথিবীতে প্রথম লিখিত আইনের প্রচলন হয় ব্যাবিলনে। প্রথম লিখিত আইনপ্রণেতা ছিলেন ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি হাম্মুরাবি। এই সভ্যতায় আইন সংক্রান্ত 'হাম্মুরাবি কোড' প্রণীত হয়েছিল। সুমেরীয়দের অনুকরণে ব্যাবিলনীয়রা সাহিত্য রচনা করে। কিউনিফর্ম লিপিতে লেখা হয় বিখ্যাত মহাকাব্য 'গিলগামেশ' (Gilgamesh)। পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায় ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে। এটি ছিল ভ্রমণকারীদের পথ নির্দেশ করার জন্য সহজ [illegible]ল প্রকারের মানচিত্র।

Download More PDF @
www.BDNiyog.com


Scanned by CamScanner

## The Assyrian Civilization (অ্যাসেরীয় সভ্যতা)

ব্যাবিলন থেকে প্রায় দুইশত মাইল উত্তরে টাইগ্রিস নদীর তীরে 'আশুর' নামে একটি সমৃদ্ধ শহর গড়ে উঠে। আসিরীয় সম্রাট নিজেকে মনে করতেন সূর্যদেবতা শামসের প্রতিনিধি। ইতিহাসে আসিরিয়ার পরিচয় সামরিক রাষ্ট্র হিসাবে। তারাই প্রথমে লোহার অস্ত্রে সজ্জিত বাহিনী গঠন করে এবং যুদ্ধরথের ব্যবহার করে। আসিরীয়রা প্রথম বৃত্তকে ৩৬০° তে ভাগ করে। পৃথিবীকে সর্বপ্রথম তারা অক্ষাংশে (Latitudes) ও দ্রাঘিমাংশে (Longitudes) ভাগ করেছিল।

## The Chaldean Civilization (ক্যালডীয় সভ্যতা)

ব্যাবিলন শহরকে কেন্দ্র করে গড়ে উঠায় ক্যালডীয় সভ্যতা ইতিহাসে 'নতুন ব্যাবিলনীয় সভ্যতা' নামেও পরিচিত। ক্যালডীয় সভ্যতার স্থপতি ছিলেন সম্রাট নেবুচাদনেজার। 'ব্যাবিলনের শূন্যউদ্যান' (The Hanging Garden of Babylon) নির্মাণের জন্য তিনি অমর হয়ে আছেন। সম্রাট নেবুচাঁদ নেজারের সম্রাজ্ঞী বাগান করতে খুব পছন্দ করতেন। তাঁরই উৎসাহে সম্রাট নগর দেওয়ালের উপর তৈরি করলেন আশ্চর্য সুন্দর এক বাগান। ইতিহাসে যা 'শূন্যউদ্যান' নামে পরিচিত।



শিল্পীর তুলিতে ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান



ব্যাবিলনের ঝুলন্ত উদ্যানের ধ্বংসাবশেষ

'ব্যাবিলনের শূন্যউদ্যান' (The Hanging Garden of Babylon) প্রাচীন পৃথিবীর সপ্তাশ্চর্যের একটি। ক্যালডেরীয়রাই প্রথম সপ্তাহকে ৭ দিনে বিভক্ত করে। আবার প্রতিদিনকে ১২ জোড়া ঘন্টায় ভাগ করার পদ্ধতি তারা বের করে। ক্যালডেরীয়রা ১২ টি নক্ষত্রপুঞ্জের সন্ধান পান। তা থেকে ১২ টি রাশিচক্রের (12 Zodiac Circles) সৃষ্টি হয়।

## MCQ Solution

১. **Which of the following is the oldest civilization of the world?** [Dutch Bangla Bank Officer: 04] **Or,**
**বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?** [২৪তম বিসিএস/ দ্বাদশ বেসরকারি স্কুল নিবন্ধন : ১৫/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজোড়, চ ইউনিট) : ১৩-১৪]
ⓚ Greece (গ্রিক) ⓛ Mesopotamia (মেসোপটেমিয়া)
ⓖ Rome (রোমান) ⓜ India (সিন্ধু)
উত্তর: খ

২. **বিশ্বের প্রাচীন সভ্যতার দেশ-** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৬]
ⓚ গ্রীস ⓛ মেসোপটেমিয়া
ⓖ রোম ⓜ ভারত
উত্তর: খ

৩. **কোনটি সবচেয়ে প্রাচীন সভ্যতা?** [বাংলাদেশ ডাক বিভাগ (ডাক অধিদপ্তর) উপজেলা পোস্টমাস্টার: ১৬]
ⓚ মিশরীয় ⓛ গ্রীক
ⓖ চৈনিক ⓜ পারস্য
উত্তর: ক

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner
www.bdniyog.com

৪. কোন সভ্যতা সবচাইতে প্রাচীন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ মেসোপটেমীয় ⓚ মিশরীয়
ⓖ চৈনিক ⓖ পারসিক উত্তর: ক

৫. The earliest civilization was flourished in- / প্রাচীনতম সভ্যতা বিকশিত হয়- [IFIC Bank Ltd. Probationary officer: 96]
ⓐ Babylon ⓑ Sumeria
ⓒ Egypt ⓓ China Ans. b

৬. 'মেসোপটেমিয়া' এলাকার বেশির ভাগ বর্তমান কোন দেশে? [১৮তম বিসিএস/ সহকারী গবেষণা কর্মকর্তা : ১৮]
ⓚ ইরাক ⓚ ইরান
ⓖ তুরস্ক ⓖ সিরিয়া উত্তর: ক

৭. সেচ নির্ভর প্রাচীন সভ্যতা কোনটি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ⓚ সিন্ধু ⓚ গ্রিক
ⓖ রোমান ⓖ মেসোপটেমীয় উত্তর: ঘ

৮. সুমেরীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কসমস) : ০৮]
ⓚ মেসোপটেমিয়ায় ⓚ পারস্যে
ⓖ মিশরে ⓖ রাশিয়ায় উত্তর: ক

৯. কোন সভ্যতায় প্রথম 'চাকা' এর ব্যবহার প্রচলন হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ মিশরীয় ⓚ সুমেরীয়
ⓖ ব্যাবিলনীয় ⓖ ক্যালডীয় উত্তর: খ

১০. ইতিহাসের প্রথম লিখিত আইন প্রণেতা কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৫-০৬]
ⓚ জুলিয়াস সিজার ⓚ হাম্বুরাবি
ⓖ সম্রাট আলেকজান্ডার ⓖ এরিস্টটল উত্তর: খ

১১. পৃথিবীর কোথায় প্রথম লিখিত আইনের প্রচলন হয়? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓚ স্পেন ⓚ ব্যাবিলন
ⓖ গ্রিস ⓖ তেহরান উত্তর: খ

১২. কোন প্রাচীন সভ্যতার 'হাম্মুরাবির আইন' প্রচলিত হয়েছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ-ইউনিট) : ১৪-১৫]
ⓚ মায়া ⓚ মেসোপটেমীয়
ⓖ মিশরীয় ⓖ গ্রিক উত্তর: খ

১৩. আইন সংক্রান্ত হাম্মুরাবি কোড কোন সভ্যতার সময়ে প্রণীত হয়েছিল? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (হ- ইউনিট) : ১৩-১৪]
ⓚ ব্যাবিলনীয় সভ্যতা ⓚ চৈনিক সভ্যতা ⓖ গ্রিক সভ্যতা
ⓖ ভারতীয় সভ্যতা ⓢ ফিনিশীয় সভ্যতা উত্তর: ক

১৪. 'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কোন দেশে অবস্থিত? [১০ম বিসিএস/ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৩-১৪/ ইসলামী বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]

অথবা,

ব্যাবিলন কোথায়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ৯৯]
ⓚ ইরান ⓚ ইরাক
ⓖ তুরস্ক ⓖ সিরিয়া উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com

১৫. 'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কে গড়ে তুলেছিল? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩]
ⓚ নেবুচাঁদ নেজার ⓚh সাইরাস
ⓖ র‍্যামজেজ ⓖh দারিউস
উত্তর: ক

১৬. পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায়- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ফুলকলি বিভাগ) : ০৫/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ে সহকারী পরিচালক : ৯৫]
ⓚ চীনের প্রাচীরের কাছে ⓚh দক্ষিণ আফ্রিকার ভিক্টোরিয়া প্রদেশে
ⓖ ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে
ⓖh ইরানের সিরাজ শহরের ধ্বংসাবশেষে
উত্তর: গ

১৭. নিম্নের কোন সভ্যতায় প্রতিদিনকে ১২ জোড়া ঘণ্টায় বিভক্ত করা হয়? [মেডিকেল : ১০-১১]
ⓚ রোমান ⓚh গ্রিক
ⓖ ক্যালডীয় ⓖh পারস্য
উত্তর: গ

১৮. কারা সপ্তাহের সাত দিনকে বিভক্ত করে? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
ⓚ মিশরীয়রা ⓚh গ্রিকরা
ⓖ ক্যালডিয়রা ⓖh ককেশীয়রা
উত্তর: গ

১৯. আধুনিক তুরস্ক, সিরিয়া, ইরান, ইরাক ও কুয়েত– এই রাষ্ট্রগুলো প্রচীন কোন সভ্যতার অংশ? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১৩-১৪]
ⓚ মিশরীয় সভ্যতা ⓚh রোমান সভ্যতা
ⓖ সিন্ধু সভ্যতা ⓖh মেসোপটেমিয়ান সভ্যতা
উত্তর: ঘ

## প্রাচীন মিশরীয় সভ্যতা (Ancient Civilization of Egypt)

মিশরে নগর সভ্যতা গড়ে উঠেছিল খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে। নীল নদকে কেন্দ্র করে মিশরের এ সভ্যতা গড়ে উঠেছিল বলে গ্রিক ইতিহাসবিদ হেরোডোটাস মিশরকে বলেছেন 'নীল নদের দান' (Gift of the Nile)। ৫০০০-৩২০০ খ্রিস্টপূর্বাব্দ পর্যন্ত সময়ের মিশরকে প্রাক-রাজবংশীয় যুগ বলা হয়। এ সময় মিশর কতগুলো ছোট ছোট নগর রাষ্ট্রে বিভক্ত ছিল। এগুলোকে বলা হত 'নোম'। ৩২০০ খ্রিস্টপূর্বাব্দে 'মেনেস' নামের এক রাজা সমগ্র মিশরকে একত্রিত করে একটি নগর রাষ্ট্র গড়ে তোলেন। দক্ষিণ মিশরের 'মেম্ফিস' হয় এর রাজধানী। এভাবে মিশরে রাজবংশের সূচনা হয়।

### ধর্ম

ফারাও চতুর্থ আমেনহোটেপ বহুদেবতার পরিবর্তে একমাত্র সূর্যদেবতার আরাধনার কথা প্রচার করেন। সূর্যদেবতার নাম দেওয়া হয় 'এটন'। দেবতার নামের সাথে মিল রেখে তিনি নিজের নাম রাখেন 'ইখনাটন'। এভাবে ইখনাটন সভ্যতার ইতিহাসে সর্বপ্রথম ঈশ্বরের ধারণা দেন।

### স্থাপত্য ও ভাস্কর্য

প্রাচীন মিশরের রাজাদের বলা হত 'ফারাও' (Pharaoh)। মিশরীয়রা মৃত্যুর পর আরেকটি জীবনের অস্তিত্বের প্রতি বিশ্বাসী ছিল। সে জীবনেও রাজা হবেন ফারাও। ফারাও রাজাদের মৃতদেহ সংরক্ষণের জন্য তৈরি করা হয় পিরামিড। পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ


পিরামিড এবং স্ফিংস (Pyramid & Sphinx)

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner
www.bdniyog.com

www.bdniyog.com



পিরামিড। মিশরের সবচেয়ে বড় পিরামিড হচ্ছে ফারাও খুফুর পিরামিড। খুফুর পিরামিড গড়ে উঠেছিল তের একর জায়গা জুড়ে। এর উচ্চতা ছিল প্রায় সাড়ে চারশত ফুট। মিশরীয় ভাস্করদের সবচেয়ে বড় গৌরব 'স্ফিংস' তৈরিতে। বহুখণ্ড পাথরের গায়ে ফুটিয়ে তোলা হতো এ ভাস্কর্য। স্ফিংসের দেহ সিংহের আকৃতির, আর মাথা ছিল ফারাওয়ের। ফারাওদের আভিজাত্য শক্তির প্রতীক ছিল এ মূর্তি। ফারাও তুতেনখামেন খ্রিস্টপূর্ব ১৩৩৩ - ১৩২৪ অব্দে মিশরে রাজত্ব করেন। ১৯২২ সালে হাওয়ার্ড কার্টার তুতেনখামেনে সমাধি আবিষ্কার করে বিশ্বব্যাপী আলোড়ন তোলেন।

**লিখন পদ্ধতির উদ্ভাবন**

মিশরীয়রা একটি লিখন পদ্ধতি উদ্ভাবন করে। প্রথম দিকে ছবি এঁকে এঁকে মিশরীয়রা মনের ভাব প্রকাশ করত। এক একটি ছবি ছিল এক একটি অক্ষরের প্রতীক। অক্ষরভিত্তিক মিশরীয় এ চিত্রলিপিকে বলা হয় 'হায়ারোগ্লিফিক' (Hieroglyphics)। গ্রিক শব্দ 'হায়ারোগ্লিফিক' অর্থ পবিত্রলিপি। 'প্যাপিরাস' নামক এক ধরনের নল গাছের বাকল দিয়ে তারা সাদা রঙের কাগজও তৈরি করত।



Hieroglyphics

**বিজ্ঞান**

মিশরীয়রা সর্বপ্রথম ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনারীতি চালু করেন। যেহেতু ফারাও মৃত্যুর পর পরকালে রাজা হবেন সেহেতু তাঁর মৃতদেহকে পচন থেকে রক্ষার জন্য মিশরীয় বিজ্ঞানীরা মমি তৈরি করতে শেখেন।

## MCQ Solution

১. **Which one is the oldest civilization? / প্রাচীনতম সভ্যতা কোনটি?** [City Bank Ltd. Officer: 01/ AB Bank Ltd. Probationary officer: 92]

ⓐ Egyptian (মিশরীয়) ⓑ Indus (সিন্ধু)
ⓒ Chinese (চৈনিক) ⓓ Greek (গ্রিক) **Ans. a**

ব্যাখ্যা: প্রশ্নে মেসোপটেমীয় সভ্যতা না থাকায় সমসাময়িক কালের মিশরীয় সভ্যতা সঠিক উত্তর হবে।

২. **প্রাচীন মিশরীয় সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছিল?** [সহকারী পরিচালক (পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন): ০৩]

ⓚ ইউফ্রেটিস ⓚ সিন্ধু
ⓖ নীল ⓖ হোয়াংহো **উত্তর: গ**

৩. **What is Hieroglyphics?/ হায়ারোগ্লিফিক কি?** [Dutch-Bangla Bank Ltd. Asst Officer: 09]

ⓐ Advanced Technology of graphic design used especially for printing currency and stamps (মুদ্রা এবং টিকিট মুদ্রণের জন্য বিশেষত ব্যবহৃত গ্রাফিক্স ডিজাইনের একটি অগ্রসরমান প্রযুক্তি)

ⓑ The study of marine flora and fauna (সামুদ্রিক উদ্ভিদ ও প্রাণিকুল সম্পর্কিত বিদ্যা)

ⓒ The latest technology for clearing checks in the banking system (ব্যাংকিং সিস্টেমে চেক ক্লিয়ারিং এর একটি অত্যাধুনিক প্রযুক্তি)

ⓓ An ancient Egyptian writing style with pictures (প্রাচীন মিশরীয় চিত্রভিত্তিক লিখন পদ্ধতি)

ⓔ None of these (কোনোটিই নয়) **Ans. d**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

৪. হায়রোগ্লিফিক হলো- [জাতীয় কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪]
ⓚ একটি জাতির নাম ⓚ একটি মূর্তির নাম
ⓖ একটি দেশের নাম ⓖ একটি লিখন পদ্ধতির নাম উত্তর: ঘ

৫. পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ কি? [মেডিকেল : ০৩-০৪]
ⓚ পিরামিড ⓚ তাজমহল
ⓖ আইফেল টাওয়ার ⓖ কুতুবমিনার উত্তর: ক

৬. স্ফিংকস কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ) : ০৫-০৬]
ⓚ মিশর ⓚ লিবিয়া
ⓖ মরক্কো ⓖ ইতালি উত্তর: ক

৭. প্রাচীন মিশরীয়রা কোন বর্ণ দিয়ে তাদের ভাব প্রকাশ করতো? [থানা শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ হায়ারোগ্লিফিক ⓚ রয়োগ্লিফিক
ⓖ নাত্রোগ্লিফিক ⓖ ক্যারোগ্লিফিক উত্তর: ক

৮. 'প্যাপিরাস' কোন সংস্কৃতির সাথে সম্পর্কিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ⓚ ইতালীয় ⓚ চৈনিক
ⓖ হরপ্পা ⓖ মিশরীয় উত্তর: ঘ

৯. ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনারীতি কাদের দ্বারা সূচিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ গ্রিক ⓚ মিশরীয়
ⓖ খ্রিস্টান ⓖ ফরাসি উত্তর: খ

১০. প্রথম একেশ্বরবাদী ধর্ম কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ প্রাচীন মিশরীয় ধর্ম ⓚ হিব্রু ধর্ম
ⓖ ইসলাম ধর্ম ⓖ খ্রিস্ট ধর্ম উত্তর: ক

১১. প্রাচীন মিশরের ফারাও রাজা তুতেনখামেনের সমাধি আবিষ্কৃত হয় ইংরেজি সালে- [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ⓚ ১৮৭৮ সালে ⓚ ১৯২২ সালে
ⓖ ১৯৩৪ সালে ⓖ ১৯৪৬ সালে উত্তর: খ

## সিন্ধু সভ্যতা (The Indus Civilization)

মিশর ও মেসোপটেমিয়ায় যখন গড়ে উঠেছিল নগর সভ্যতা, প্রায় কাছাকাছি সময়ে ভারতবর্ষেও গড়ে উঠেছিল নগর সভ্যতা। এটি ব্রোঞ্জযুগের সভ্যতা। এখানে লোহার কোনো জিনিস পাওয়া যায়নি। প্রায় ৩৫০০ বছর পূর্বে দ্রাবিড় জাতি এ সভ্যতা গড়ে তুলেছিল বলে মনে করা হয়। এ প্রাচীন সভ্যতা আবিষ্কৃত হয় ১৯২১ সালে। সভ্যতাটি সিন্ধু নদীর তীরে গড়ে উঠেছিল বলে এটি 'সিন্ধু সভ্যতা' নামে পরিচিত। দ্রাবিড় জাতি এ সভ্যতা গড়ে তুলেছিল বলে



সিন্ধু সভ্যতার ভৌগোলিক অবস্থান

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com


মনে করা হয়। হরপ্পা নগরীটি গড়ে উঠেছিল সিন্ধুর উপনদী রাভী'র তীরে। এটি অবস্থিত বর্তমান পাকিস্তানের পাঞ্জাব প্রদেশে। আর মূল সিন্ধুনদের তীরে এক বর্গমাইল এলাকা জুড়ে গড়ে উঠেছিল মহেঞ্জোদারো নগরী।

১৯২২ সালে পাকিস্তানের লারকানা জেলায় মাটি খুঁড়ে আবিষ্কার করা হয় মহেঞ্জোদারো নগরীর ধ্বংসাবশেষ। সিন্ধু সভ্যতার আবিষ্কারক জন মার্শাল, দয়ারাম সাহনী ও রাখালদাস বন্দ্যোপাধ্যায়। সিন্ধু সভ্যতায় পাওয়া সীল ও মাটির পাত্রের সাথে মেসোপটেমিয়ার দ্রব্যের মিল আছে।

তাই বিখ্যাত প্রত্নতত্ত্ববিদ স্যার জন মার্শাল মনে করেন যে, সিন্ধু সভ্যতা গৌরবের শিখরে উঠেছিল খ্রিস্টপূর্ব ৩২৫০ থেকে ২৭৫০ অব্দের মধ্যে।

### নগর পরিকল্পনা

সভ্যতার ইতিহাসে সিন্ধু সভ্যতা পরিকল্পিত একটি নগরীর ধারণা দিয়েছে। উভয় শহরে রাস্তার দুপাশে দোতলা তিনতলা বাড়ি ছিল। প্রতি বাড়িতে ছিল চৌবাচ্চাসহ গোসলখানা, কূপ। দুইটি শহরেই পাকা নর্দমা ছিল।

### পেশা

সিন্ধু সভ্যতার বেশিরভাগ লোক কৃষিকাজ করত।

### পরিমাপ পদ্ধতি

সিন্ধু সভ্যতার একটি গুরুত্বপূর্ণ অবদান হল পরিমাপ পদ্ধতি উদ্ভাবন করা। দ্রব্য ওজনের জন্য নগরবাসী বিভিন্ন পরিমাপের বাটখারা ব্যবহার করত। দৈর্ঘ্য পরিমাপের জন্য তারা বিভিন্ন স্কেল ব্যবহার করত।

### সীলমোহর

মহেঞ্জোদারো ও হরপ্পায় হাড় ও পাথরের তৈরি সীলমোহর পাওয়া গেছে।

### সিন্ধু সভ্যতা ধ্বংসের কারণ

সিন্ধু সভ্যতার পতন শুরু হয় আনুমানিক ২৭৫০ খ্রিস্টপূর্বাব্দে। কিভাবে সিন্ধু সভ্যতার ধ্বংস হয় সে বিষয়ে পণ্ডিতগণ সঠিক কোন সিদ্ধান্তে আসতে পারেননি। হয়তো বাহিরের কোন শত্রুর আক্রমণ অথবা প্রচন্ড কোন ভূমিকম্প বা ভয়াবহ কোন বন্যার ফলে এ সভ্যতা ধ্বংস হয়ে যায়।

BCS Spotlight

## MCQ Solution

১. সিন্ধু সভ্যতার প্রতিষ্ঠাতা – [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]
ক) আর্যগণ
খ) কৃষাণগণ
গ) শকগণ
ঘ) দ্রাবিড়গণ
উত্তর: ঘ

২. Moenzo-daro & Harappa civilization is nearly:/ মহেঞ্জোদারো ও হরপ্পা সভ্যতা প্রায়- [IFIC Bank Proationary Officer: 96]
ক) Two thousand years old (দুই হাজার বছরের প্রাচীন)
খ) Three and half thousand years old (সাড়ে তিন হাজার বছরের প্রাচীন)
গ) One thousand years old (এক হাজার বছরের প্রাচীন)
ঘ) One and half thousand years old (দেড় হাজার বছরের প্রাচীন)
উত্তর: খ

৩. সিন্ধু সভ্যতা আবিষ্কারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ক) আর. সি. মজুমদার
খ) রাখালদাস বন্দ্যোপাধ্যায়
গ) নীহাররঞ্জন রায়
ঘ) কালিদাস নাগ
উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



৪. প্রাচীন কোন সভ্য দেশের অধিবাসীদের সাথে সিন্ধু উপত্যকার অধিবাসীদের সাদৃশ্য লক্ষ্য করা যায়? [শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]

ⓚ ব্যাবিলন ⓚ গ্রিস

ⓖ মিশর ⓖ চীন উত্তর: ক

৫. সিন্ধু সভ্যতা কোন যুগের সভ্যতা? [রাজশাহী বিশ্ববিদ্যালয় অ-বাণিজ্য গ্রুপ (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]

ⓚ তাম্র যুগের ⓚ আর্য যুগের

ⓖ সুমেরীয় যুগের ⓖ শহরভিত্তিক যুগের উত্তর: ক

৬. সিন্ধু সভ্যতার অধিবাসীরা কোনটির ব্যবহার জানতো না? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ⓚ প্রশাসনিক ব্যবস্থা ⓚ জল নিষ্কাশন ব্যবস্থা

ⓖ লিখন পদ্ধতি ⓖ লোহার অস্ত্র উত্তর: ঘ

৭. কত খ্রিস্টপূর্বাব্দে সিন্ধু সভ্যতার পতন হয়? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]

ⓚ ১৫০০ ⓚ ২৭৫০

ⓖ ৩০০০ ⓖ ১২৮০ উত্তর: খ

## ফিনিশীয় সভ্যতা (The Phoenician Civilization)


লেবানন পর্বত এবং ভূমধ্যসাগরের মাঝামাঝি এক ফালি সরু ভূমিতে ফিনিশীয় রাষ্ট্র গড়ে উঠেছিল। কৃষিকাজ করার মত এখানে উর্বর জমি ছিলনা। তাদের আয়ের একমাত্র উৎস ছিল বাণিজ্য।

### ফিনিশীয়দের অবদান

প্রাচীন সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের পরিচয় শ্রেষ্ঠতম নাবিক ও জাহাজ নির্মাতা হিসাবে। ধ্রুবতারা (North Star) দেখে তারা দিক নির্ণয় করত। এ কারণে ধ্রুবতারা অনেকের কাছে 'ফিনিশীয় তারা' (Phonecian Star) নামে পরিচিত ছিল।

### সাংস্কৃতিক উন্নতি

সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান হল বর্ণমালা (Alphabet) এর উদ্ভাবন। তারা ২২ টি ব্যঞ্জনবর্ণের (Consonants) উদ্ভাবন করে। আধুনিক বর্ণমালার সূচনা হয় এখান থেকে। ফিনিশীয়দের উদ্ভাবিত বর্ণমালার সাথে পরবর্তীতে গ্রিকরা স্বরবর্ণ (Vowels) যোগ করে বর্ণমালাকে সম্পূর্ণ করে।




ফিনিশীয় বর্ণমালা

### কারিগরি দক্ষতা

ফিনিশীয়রা মাটির পাত্র তৈরি করতে পারত। দক্ষতার সাথে কাপড় তৈরি ও রং করতে পারত।

## MCQ Solution

১. সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান কি? [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার : ০৬/ শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০১-০২]

ⓚ বর্ণমালা ⓚ আগ্নেয়াস্ত্রের ব্যবহার

ⓖ মুদ্রার প্রচলন ⓖ চিত্রলেখা উত্তর: ক

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

২. প্রথম কারা বর্ণমালা উদ্ভাবন করে? [তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
ক) ফিনিশীয়রা খ) মিশরীয়রা
গ) গ্রিকরা ঘ) রোমানরা উত্তর: ক

## পারস্য সভ্যতা (The Persian Civilization)

আজকের ইরান প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল। খ্রিস্টপূর্ব ২০০০ অব্দ থেকে ৬০০ অব্দের মধ্য এখানে আর্যরা এক উন্নত সভ্যতা গড়ে তোলে। এ সভ্যতার অধিবাসীরা সামরিক শক্তিতে খ্যাতিমান ছিল। সভ্যতার ইতিহাসে দুইটি ক্ষেত্রে পারসীয়দের অবদান ছিল গুরুত্বপূর্ণ। প্রথমটি সুষ্ঠ ও দক্ষ প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা এবং দ্বিতীয়টি ধর্মীয় ক্ষেত্রে নতুন ধারণা নিয়ে আসা। জরথুস্ত্র নামে পারস্যে এক ধর্মগুরু ও দার্শনিকের আবির্ভাব ঘটে। জরথুস্ত্র কর্তৃক প্রবর্তিত ধর্ম 'জরথুস্ত্রবাদ' নামে পরিচিত। পারস্যের ইতিহাসে কাইরাস ও দারিয়ুস ছিলেন সবচেয়ে সফল শাসক। ৩০০ খ্রিস্টপূর্বাব্দে গ্রিক বীর আলেকজান্ডার অধিকার করে নেন সমগ্র পারস্য সাম্রাজ্যকে।

### MCQ Solution

১. পারসিক ধর্মের প্রবর্তক কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক) গৌতম বুদ্ধ খ) বর্ধমান মহাবীর
গ) আইড্রো ঘ) জরথুস্ত্র উত্তর: ঘ

## হিব্রু সভ্যতা (The Hebrew Civilization)

প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে হিব্রু সভ্যতার বিকাশ ঘটেছিল। হিব্রু কোন জাতির নাম নয়। 'হিব্রু' একটি সেমাটিক ভাষা। এ ভাষায় কথা বলা লোকেরাই হিব্রু নামে পরিচিত। হিব্রুদের আদিবাস ছিল আরব মরুভূমিতে। বর্তমান ইসরাইলের অধিবাসীরা হিব্রুদের বংশধর। হিব্রুরা তাদের অবদানের পুরোটাই রেখেছে ধর্মীয় ক্ষেত্রে। হিব্রুরা সর্বপ্রথম একেশ্বরবাদের কথা ব্যাপকভাবে প্রচার করে। অবশ্য অনেককাল পূর্বে মিশরের ফারাও ইখনাটন এক দেবতার আরাধনার আহবান জানিয়েছিলেন। কিন্তু তা তেমন জনপ্রিয় হতে পারেনি। হিব্রুদের নবী হযরত মুসা (আ.), হযরত দাউদ (আ.) এবং হযরত সুলায়মান (আ.) মানুষের প্রচলিত ধর্মীয় চেতনায় নতুন আলোড়ন তোলেন।

### MCQ Solution

১. প্যালেস্টাইনে কোন সভ্যতা গড়ে উঠেছিল? [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অডিটর' : ১৮/ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ১৭]
ক) ফিনিশীয় সভ্যতা খ) পারসিক সভ্যতা
গ) হিব্রু সভ্যতা ঘ) ব্যাবিলনীয় সভ্যতা উত্তর: গ

২. বর্তমান ইসরাইলের অধিবাসীরা কাদের বংশধর? [দুর্নীতি দমন ব্যুরোর উপ সহকারী পরিচালক : ০৪]
ক) পারসিকদের খ) হিব্রুদের
গ) আরবীয়দের ঘ) মিশরীয়দের উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



## প্রাচীন চৈনিক সভ্যতা (The Ancient Chiness Civilization)

তিনটি অঞ্চলে প্রাচীন চৈনিক সভ্যতা বেড়ে উঠতে থাকে। প্রথমটি হোয়াংহো (পীত নদী) নদীর তীরে, দ্বিতীয়টি ইয়াংজেকিয়াং নদীর তীরে আর তৃতীয়টি দক্ষিণ চীনে গড়ে উঠেছিল।



দার্শনিক কনফুসিয়াস

**দর্শন**

চীনের প্রাচীনতম দার্শনিক ছিলেন লাওৎসে। তাঁর মতবাদের নাম ছিল তাওবাদ। চীনের ইতিহাসে সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন কনফুসিয়াস (৫৫১-৪৭৯ খ্রি.পূ.)। কনফুসিয়াসের প্রধান অনুসারী ছিলেন মেনসিয়াস।

### MCQ Solution

১. চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ ইয়াংসি নদীর অববাহিকায়　ⓜ হোয়াংহো নদীর মোড়ে
ⓖ ইয়ালু নদের মোড়ে　ⓓ পীত সাগরের তীরে
**উত্তর: খ**

২. কোন নদীর তীরে চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ হান　ⓜ পীত
ⓖ ইয়াংসী　ⓓ স্যালুউইন
**উত্তর: খ**

৩. কনফুসিয়াস নামটি কোন দেশের সাথে সম্পর্কযুক্ত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা) : ০৫-০৬]
ⓚ জাপান　ⓜ চীন
ⓖ থাইল্যান্ড　ⓓ কোরিয়া
**উত্তর: খ**

৪. কনফুসিয়াস কে ছিলেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৮-৯৯]
ⓚ চীনা দার্শনিক　ⓜ ভিয়েতনামের নেতা
ⓖ চীনের সম্রাট　ⓓ মঙ্গোলীয় নেতা
**উত্তর: ক**

## ইজিয়ান সভ্যতা (The Aegean Civilization)

গ্রিস ও এশিয়া মাইনরকে পৃথক করেছে ইজিয়ান সাগর। এই ইজিয়ান সাগর জুড়ে ছিল ছোট বড় অনেক দ্বীপ। ইজিয়ান সাগরের দ্বীপমালা ও এশিয়া মাইনরের উপকূলে একটি উন্নত নগর সভ্যতা গড়ে উঠে। ইতিহাসে এ সভ্যতা ইজিয়ান সভ্যতা নামে পরিচিত। গ্রিসে সভ্যতা গড়ে তোলার প্রস্তুতিপর্ব ছিল এ সভ্যতা। ১২০০ খ্রিস্টপূর্বাব্দে ইজিয়ান সভ্যতার পতন ঘটে।

## গ্রিক সভ্যতা (The Greek Civilization)

'গ্রিক' ও 'গ্রিস' শব্দ দুটি যথাক্রমে জাতি ও দেশ। গ্রিক সভ্যতায় অনেকগুলো ছোট ছোট নগর রাষ্ট্র গড়ে উঠেছিল। গ্রিসকে গণতন্ত্রের সূতিকাগার বলা হয়। গ্রিসের ভৌগোলিক পরিবেশ ছিল একটু ভিন্ন ধরনের। এ অঞ্চলে অনেকগুলো পাহাড় দাঁড়িয়ে ছিল দেয়ালের মত। ফলে ক্ষুদ্র ক্ষুদ্র বেশ কয়েকটি অঞ্চলে ভাগ হয়ে যায় দেশটি। এ ছোট দেশগুলোর নাম হয় নগর রাষ্ট্র।

| মনে রাখা ভালো | |
|---|---|
| গণতন্ত্রের সূতিকাগার | গ্রিস |
| প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত | যুক্তরাজ্যে |
| সর্ববৃহৎ গণতান্ত্রিক দেশ | ভারত |

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza　Edited by : Ajgar Ali　Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



এদের মধ্যে নেতৃস্থানীয় ছিল স্পার্টা ও এথেন্স। স্পার্টা ছিল একটি সামরিক নগর রাষ্ট্র। রাষ্ট্রনেতারা ছিল স্বৈরাচারী। পক্ষান্তরে প্রতিবেশী এথেন্স ছিল গণতান্ত্রিক রাষ্ট্র। রাষ্ট্র পরিচালনায় জনগণের অংশগ্রহণের অধিকার থাকলে সে ব্যবস্থাকে বলে গণতন্ত্র। প্রাচীন পৃথিবীতে এথেন্সই সর্বপ্রথম গণতন্ত্রের সূচনা করে। রাষ্ট্র পরিচালনায় তখন দুইটি সংসদ ছিল। গোত্র প্রধানদের নিয়ে গড়া সংসদকে বলা হত 'এরিওপেগাস' এবং সাধারণ নাগরিকদের সমিতিকে বলা হত 'একলেসিয়া'। এথেন্সে চূড়ান্তভাবে গণতন্ত্র প্রতিষ্ঠা করেন পেরিক্লিস। পেরিক্লিস এথেন্সের ক্ষমতায় আসেন ৪৬০ খ্রিস্টাব্দে। এশিয়া মাইনরে প্রথম লোহা আবিষ্কৃত হয়।

### পেলোপনেসীয় যুদ্ধ

স্পার্টা ও এথেন্স উভয় দেশ একে অন্যের শত্রু ছিল। এথেন্স তার বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে একটি জোট গঠন করে। এর নাম হয় 'ডেলিয়ান লীগ'।

অন্যদিকে স্পার্টা তাঁর বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে গঠন করে আরেকটি জোট। এ জোটের নাম হয় 'পেলোপনেসীয় লীগ'। এক সময় এই দুই জোটের মধ্য যুদ্ধ বেধে যায়। ইতিহাসে এ যুদ্ধ 'পেলোপনেসীয় যুদ্ধ' নামে পরিচিত। ৪৬০ থেকে ৪০৪ খ্রিস্টপূর্বাব্দ পর্যন্ত মোট তিনবার যুদ্ধ হয়। এ যুদ্ধে চূড়ান্ত পতন ঘটে এথেন্সের।

### ভৌগোলিক অবস্থান

প্রাচীন গ্রিক সভ্যতা গড়ে উঠেছিল ভূমধ্যসাগরকে কেন্দ্র করে। ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে দুইটি সংস্কৃতির নাম জড়িয়ে আছে। একটি 'হেলেনিক' (Hellenic) এবং অন্যটি 'হেলেনিস্টিক' (Hellenistic)। গ্রিসকে হেলেনীয় সভ্যতার দেশ বলা হয়। গ্রিসের প্রধান শহর এথেন্সে শুরু থেকেই যে সংস্কৃতি গড়ে উঠেছিল, তাকে বলা হয় হেলেনিক সংস্কৃতি। গ্রিস উপদ্বীপ ছিল এ সংস্কৃতির মূল কেন্দ্র। খ্রিস্টপূর্ব ৩৩৭ অব্দ পর্যন্ত হেলেনিক সভ্যতা টিকে ছিল। এ সময় মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে গ্রিক সংস্কৃতি ও অগ্রিক সংস্কৃতির মিশ্রণে এক নতুন সংস্কৃতির জন্ম হয়। ইতিহাসে এ সংস্কৃতির পরিচয় হয় হেলেনিস্টিক সংস্কৃতি নামে।

## MCQ Solution

১. 'গ্রিক' ও 'গ্রিস' শব্দ দুটি যথাক্রমে – [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ দেশ ও জাতি ⓛ জাতি ও দেশ
ⓜ দুটি দেশ ⓝ জন্ম ও দেশ **উত্তর: খ**

২. **Which country is known as birth place of democracy** – [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]

**Or,**

নিচের কোন দেশে গণতন্ত্রের জন্ম হয়েছিল? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর : ১১/ খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]
ⓚ UK ⓛ Greece ⓜ India
ⓝ China ⓞ None of these **উত্তর: খ**

৩. গণতন্ত্রের সূতিকাগার কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফোকলোর) : ০৭-০৮]
ⓚ যুক্তরাজ্য ⓛ ইতালি
ⓜ ফ্রান্স ⓝ গ্রিস **উত্তর: ঘ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



৪. The largest democratic country in the world is ............[Rupali Bank Ltd. Senior Officer : 13]

Or,

পৃথিবীর সর্ববৃহৎ গণতান্ত্রিক রাষ্ট্র বলা হয় কোন দেশকে? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৩/ শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]

ⓐ United states ⓑ United kingdom
ⓒ India ⓓ None of the above **Ans. c**

৫. প্রথম কোথায় লোহা আবিষ্কৃত হয়? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]

ⓚ গ্রিসে ⓚ এশিয়া মাইনরে
ⓖ ইতালিতে ⓖ মিশরে **উত্তর: খ**

৬. প্রাচীন গ্রিক সভ্যতা গড়ে উঠেছিল কোন সাগরকে কেন্দ্র করে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট জোড়) : ১৩-১৪]

ⓚ ভূমধ্যসাগর ⓚ কাস্পিয়ান
ⓖ বাল্টিক সাগর ⓖ লোহিত সাগর **উত্তর: ক**

৭. ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে কোন দুটি সংস্কৃতির নাম জড়িত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ⓚ হেলেনিক ও মিনায় ⓚ হেলেনিক ও হেলেনিস্টিক
ⓖ এচিয়ান ও হেলেনিস্টিক ⓖ মিনীয় ও এচিয়ান **উত্তর: খ**

৮. হেলেনীয় সভ্যতার দেশ কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজোড়) : ১৩-১৪]

ⓚ ইরাক ⓚ সিরিয়া
ⓖ গ্রিস ⓖ মিসর **উত্তর: গ**

**ধর্ম**

গ্রিকরা বহুদেবতায় বিশ্বাসী ছিল। গ্রিকদের প্রধান দেবতা ছিলেন জিউস। দেবতা এপোলো ও দেবী এথেনাও ছিলেন বিশেষ গুরুত্বপূর্ণ। গ্রিকবাসী বিশ্বাস করত দেবতাদের বাস উত্তর গ্রিসে অলিম্পাস পর্বতের চূড়ায়।

| গ্রিক দেবী বা দেবতার নাম | পরিচিতি |
|---|---|
| আফ্রোডাইট (Aphrodite) | ভালবাসা, রোমাঞ্চ এবং সৌন্দর্যের দেবী |
| অ্যাপোলো (Apollo) | সূর্য, আলো, চিকিৎসাবিদ্যা এবং সঙ্গীতের দেবতা |
| এরিস (Ares) | যুদ্ধদেবতা |
| আরটেমিস (Artemis) | শিকার, বন, উর্বরতা এবং চাঁদের দেবী |
| এথেনা (Athena) | প্রজ্ঞার দেবী। (জিউসের কন্যা) |
| ডিমিটার (Demeter) | কৃষি বিষয়ক দেবী |
| হারমেস (Hermes) | ব্যবসা বিষয়ক দেবতা (রোমান নাম মারকারি) |
| হেরা (Hera) | বিবাহ বন্ধন অটুট রাখার দেবী। (জিউসের স্ত্রী) |
| জিউস (Zeus) | দেবতাদের রাজা |

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

## MCQ Solution

১. নিচের কাকে গ্রিকদের 'ফার্টিলিটির দেবী' বলা হয়? [মেডিকেল : ০৯-১০]

ক) সিরেস খ) এরিস

গ) অ্যাজটেক ঘ) আরটেমিস

উত্তর: ঘ

২. গ্রিক পুরাণে 'ভালবাসার দেবতা' কে ছিলেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]


ক) আফ্রোডাইট খ) এথেনা

গ) হেরা ঘ) ভেনাস

উত্তর: ক

### দর্শন

গ্রিকদের সবচেয়ে বড় অবদান ছিল দর্শন চর্চায়। প্রথম দিকের বিখ্যাত দার্শনিক ছিলেন থ্যালেস। থ্যালেস কল্পকাহিনীর বদলে প্রথম সূর্যগ্রহণের প্রাকৃতিক কারণ ব্যাখ্যা করেন। ধীরে ধীরে গ্রিসে এক ধরনের যুক্তিবাদী দার্শনিকের আবির্ভাব ঘটে। এঁদের বলা হতো সফিস্ট।

| | | |
|---|---|---|
|  |  |  |
| *Socrates* | *Plato* | *Aristotle* |
| শিক্ষক → | ছাত্র | |
| | শিক্ষক → | ছাত্র |

### সক্রেটিস

সক্রেটিস ছিলেন গ্রিসের দার্শনিকদের মধ্যে সবচেয়ে খ্যাতিমান। অন্যায় শাসনের প্রতিবাদ করায় গ্রিসের শাসক গোষ্ঠী ৩৯৯ খ্রিস্টপূর্বাব্দে এ মহান দার্শনিককে হেমলক লতার তৈরি বিষ খাইয়ে হত্যা করে। তাঁকে 'সব জ্ঞানীদের গুরু' বলা হয়।

### প্লেটো

সক্রেটিসের ছাত্র দার্শনিক প্লেটো গ্রিক দর্শনকে চরম উন্নতির দিকে নিয়ে যান। তিনি গ্রিসে জন্মগ্রহণ করেন এবং গ্রিসের নাগরিক ছিলেন। তিনি তাঁর চিন্তাগুলো ধরে রাখেন 'দি রিপাবলিক' নামক গ্রন্থ রচনা করে। প্লেটো ৩৮৫ খ্রিস্টপূর্বাব্দে দর্শনের স্কুল 'Akademia' প্রতিষ্ঠা করেন। তিনি সক্রেটিসের শিক্ষার বক্তব্যগুলো নিয়ে 'ডায়ালগস অব সক্রেটিস' নামে আরেকটি গ্রন্থ রচনা করেন।

### এরিস্টটল

প্লেটোর ছাত্র এরিস্টটলও একজন বড় দার্শনিক ছিলেন। তাঁর একটি বিখ্যাত গ্রন্থের নাম 'দ্যা পলিটিক্স'। তিনি 'লাইসিয়াম'-এর প্রতিষ্ঠাতা। এরিস্টটল আলেকজান্ডারের শিক্ষক ছিলেন।

Download More PDF @
www.BDNiyog.com

www.bdniyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



## MCQ Solution

১. সফিস্ট সম্প্রদায়ের উদ্ভব হয়েছে কোন দেশে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৯-১০]
ক) ভারত খ) ইংল্যান্ড
গ) গ্রিস ঘ) মিশর উত্তর: গ

২. 'সব জ্ঞানীদের গুরু' কাকে বলা হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ- ১ ইউনিট) : ১৩-১৪]
ক) প্লেটো খ) রুশো
গ) সক্রেটিস ঘ) মন্টেস্কু উত্তর: গ

৩. কে বয়োজ্যেষ্ঠ? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৪-১৫]
ক) আলেকজান্ডার খ) সক্রেটিস
গ) প্লেটো ঘ) এ্যারিস্টটল উত্তর: খ

৪. সক্রেটিসকে হেমলক পানে হত্যা করা হয়- [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালক : ০১]
ক) সেন্ট হেলেনায় খ) গ্রিসে
গ) রোমে ঘ) ফ্রান্সে উত্তর: খ

৫. প্লেটো কোন দেশে জন্মগ্রহণ করেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ক) ইতালি খ) অস্ট্রিয়া
গ) গ্রিস ঘ) ফ্রান্স উত্তর: গ

৬. Plato was a citizen of - / 'প্লেটো' কোন দেশের নাগরিক? [Bangladesh Bank Senior Officer : 06/ Mercantile Bank Ltd. Officer : 06]
ⓐ France ⓑ Greece ⓒ Germany
ⓓ USA ⓔ None of these Ans. b

৭. প্লেটোর শিক্ষক কে ছিলেন? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৩-১৪]
ক) এরিস্টটল খ) সোলন
গ) আলেকজান্ডার ঘ) সক্রেটিস উত্তর: ঘ

৮. Academy was established by-/ 'একাডেমি' কে প্রতিষ্ঠা করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]
ক) Socrates খ) Plato গ) Aristotle ঘ) Rousseau উত্তর: খ

৯. 'দ্যা রিপাবলিক' গ্রন্থের (বইটির) প্রণেতা (লেখক) কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি-৭ ইউনিট) : ১৫-১৬/ শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক) প্লেটো খ) এরিস্টটল
গ) হেরাক্লিটাস ঘ) সক্রেটিস উত্তর: ক

১০. দার্শনিক প্লেটো রচিত বিখ্যাত পুস্তকের নাম- [বাংলাদেশ ব্যাংক ব্যাংকার্স রিক্রুটমেন্ট : ৮৮]
ক) দি প্রিন্স খ) দি পলিটিক্স
গ) দি গড ফাদার ঘ) দি রিপাবলিক উত্তর: ঘ

১১. আলেকজান্ডারের শিক্ষক- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক) সক্রেটিস খ) হোমার গ) প্লেটো ঘ) এরিস্টটল উত্তর: ঘ

১২. লাইসিয়াম প্রতিষ্ঠা করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট বিজোড়) : ১৩-১৪]
ক) সক্রেটিস খ) প্লেটো
গ) এরিস্টোটল ঘ) আলেকজান্ডার দ্যা গ্রেট উত্তর: গ

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১৩. 'দ্যা পলিটিক্স' গ্রন্থের লেখক- [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ এরিস্টটল ⓛ সক্রেটিস
ⓖ প্লেটো ⓘ ম্যাকিয়াভেলী উত্তর: ক

১৪. গ্রিসের দার্শনিক নন- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ⓚ অ্যারিস্টটল ⓛ প্লেটো
ⓖ সক্রেটিস ⓘ ভলটেয়ার উত্তর: ঘ
ব্যাখ্যা : ভলটেয়ার ছিলেন ফরাসি দার্শনিক।

১৫. কোন তিনজন দার্শনিককে Wise men of the old বলা হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট): ১৫-১৬]
ⓚ প্লেটো, এরিস্টটল ও ম্যাকিয়াভেলি
ⓛ সক্রেটিস, প্লেটো ও অগাস্টিন
ⓖ হবস, লক ও রুশো
ⓘ সক্রেটিস, প্লেটো ও এরিস্টটল উত্তর: ঘ

## গ্রিক সাহিত্য


গ্রিক মহাকবি হোমার

গ্রিক মহাকবি হোমার হাজার হাজার বছরের পুরোনো কাহিনী নিয়ে রচনা করেন মহাকাব্য *Iliad* (ইলিয়াড) এবং *Odyssey* (ওডিসি)। গ্রিসের সবচেয়ে জনপ্রিয় নাট্যকার ছিলেন 'এস্কাইলাস'। তাঁর বিখ্যাত দুইটি নাটকের নাম 'প্রমেথিউস বাউন্ড' ও 'আগামেমনন'। নাট্যকার সফোক্লিস একশটিরও বেশি নাটক লেখেন। এর মধ্যে জনপ্রিয় দুইটি হচ্ছে 'এন্টিগনে' ও 'ইলেক্ট্রা'। নাট্যকার সফোক্লিসের বিখ্যাত ট্রাজেডি 'রাজা ঈদিপাস'। ইতিহাস রচনার ক্ষেত্রেও সমান কৃতিত্ব ছিল গ্রিকদের। গ্রিক ইতিহাসবেত্তা হেরোডোটাসকে ইতিহাসের জনক বলা হয়। তিনি আনুমানিক ৪৮৪ খ্রিস্টপূর্বে বর্তমান তুরস্কের বোদরামে জন্মগ্রহণ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Histories'। অন্য খ্যাতিমান ইতিহাসবিদ ছিলেন 'থুকুডাইডিস'। তাঁকে বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয়।

## MCQ Solution

১. হোমার কোন ভাষার কবি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজ্ঞান) : ১৩-১৪]
ⓚ ইংরেজি ⓛ ল্যাটিন
ⓖ স্প্যানিশ ⓘ গ্রিক উত্তর: ঘ

২. The famous book (epic) '*Odyssey*' is written by -/ বিখ্যাত গ্রন্থ 'ওডিসি' এর রচয়িতা- [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩/ ICB Officer: 11/ Pubali Bank Ltd. Officer : 09/ BRDB Officer: 04/ Premier Bank Ltd. Senior Officer : 03]
ⓐ Shakespeare ⓑ Homer
ⓒ Keats ⓓ Bayron Ans. b

৩. '*Iliad*' was written by whom?/ 'ইলিয়াড' এর রচয়িতা কে? [Dhaka Bank Ltd. MTO : 04]
ⓐ Milton ⓑ Tennyson
ⓒ Shakespeare ⓓ Homer Ans. d

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

৪. সফোক্লিস কোন দেশের নাট্যকার? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]

ⓚ ফ্রান্স ⓚ গ্রিস
ⓖ ইতালি ⓖ জার্মানি **উত্তর: খ**

৫. 'রাজা ইদিপাস' নাটকের রচয়িতা- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ) : ০৯-১০]

ⓚ সফোক্লিস ⓚ শেক্সপিয়ার
ⓖ মলিয়েঁর ⓖ টমাস কীড **উত্তর: ক**

৬. হেরোডেটাস- এর জন্মভূমি- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১৪-১৫]

ⓚ ইতালি ⓚ গ্রিস
ⓖ স্পেন ⓖ মিশর

ব্যাখ্যা : হেরোডাটাস -এর জন্ম তৎকালীন এশিয়া মাইনরের কারিয়া অঞ্চলের হ্যালিকারনাসাস শহরে, যার বর্তমান নাম 'বোদরাম'। এটি বর্তমান তুরস্কে অবস্থিত।

৭. ইতিহাসের জনক বা পিতা কে?- [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড -এর সহকারী পরিচালক (প্রশাসন): ১৬ / প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৩-১৪/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬/ গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ⓚ থুসিডাইডিস ⓚ হেরোডোটাস
ⓖ এরিস্টটল ⓖ টয়েনবি **উত্তর: খ**

### বিজ্ঞান

গ্রিক বিজ্ঞানীরা পৃথিবীর মানচিত্র অঙ্কন করেছিলেন। তারাই প্রথম প্রমাণ করেছিলেন যে পৃথিবী একটি গ্রহ এবং তা নিজ কক্ষপথে আবর্তিত হয়। বিখ্যাত গ্রিক গণিতবিদ 'পিথাগোরাস' খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকে জন্ম নিয়েছিলেন। খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে জন্ম নেন বিজ্ঞানী এনাক্সাগোরাস'। চিকিৎসাবিজ্ঞানী হিপোক্রেটিস যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন।

### খেলাধুলা

খ্রিস্টপূর্ব ৭৭৬ অব্দে গ্রিসে অলিম্পিক প্রতিযোগিতার জন্ম হয়। প্রতি চার বছর অন্তর এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হতো। বিভিন্ন নগর রাষ্ট্রের খেলোয়াড়রা অংশ নিত। এ খেলার সূত্র ধরে পারস্পরিক শত্রুতার বদলে গ্রিকদের মধ্যে সাংস্কৃতিক ঐক্য গড়ে উঠে।

### স্থাপত্য ও ভাস্কর্য

কয়েকজন খ্যাতিমান গ্রিক ভাস্কর হচ্ছেন মাইনর, ফিদিয়াস এবং প্রাকসিটেলেস। প্রাচীন গ্রিসে মৃৎপাত্রের গায়ে চিত্রকর্ম অঙ্কন করা হতো।

## MCQ Solution

১. অলিম্পিক প্রতিযোগিতার জন্ম কোন দেশে? [Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer: 99]

ⓚ ইংল্যান্ড ⓚ ইতালি
ⓖ গ্রিস ⓖ স্পেন **উত্তর: গ**

২. প্রথমে অলিম্পিক খেলা কোথায় শুরু হয়েছিল? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]

ⓚ রোমে ⓚ গ্রিসে
ⓖ মিশরে ⓖ ইতালিতে **উত্তর: খ**

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner


www.bdniyog.com

৩. গ্রিসে কখন প্রথম অলিম্পিক খেলা শুরু হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৩-০৪/ ইসলামী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]
ⓚ খ্রিস্টপূর্ব ৪০০০ ⓛ খ্রিস্টপূর্ব ৭৬৬
ⓜ খ্রিস্টপূর্ব ৭৭৬ ⓝ খ্রিস্টপূর্ব ৩৯৯ উত্তর: গ

৪. প্রাচীন গ্রিসে চিত্রকর্ম অঙ্কন করা হতো– [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ-ইউনিট) : ১৪-১৫]
ⓚ প্যাপিরাসে ⓛ মৃৎপাত্রের গায়ে
ⓜ কাঠের ওপর ⓝ কাপড়ের ওপর উত্তর: খ

## রোমান সভ্যতা (The Roman Civilization)

প্রাচীনকালের অধিকাংশ সভ্যতা নদীমাতৃক হলেও রোমান সভ্যতা নদীমাতৃক ছিল না। ইতালির পশ্চিমাংশে অবস্থিত ছোট্ট শহর রোমকে কেন্দ্র করে রোমান সভ্যতার বিকাশ ঘটেছিল। ইন্দো-ইউরোপীয় গোষ্ঠীর একদল মানুষ ২০০০ খ্রিস্টপূর্বাব্দে উত্তর ইতালিতে বসতি গড়ে তোলে। এদের বলা হত ল্যাটিন। ক্রমে এদের ভাষা 'ল্যাটিন ভাষা' নামে পরিচিতি পায়। ল্যাটিন রাজা রোমিউলাস একটি নগরীর পত্তন করেন। রাজার নামেই নগরীর নাম হয় রোম। দাসশ্রমের উপর নির্ভরশীল ছিল রোমের অর্থনীতি। দাসদের উপর অমানবিক অত্যাচার করা হত। অবশেষে স্পার্টাকাস নামক একজন দাসের নেতৃত্বে সংঘটিত হয় দাস বিদ্রোহ। বিদ্রোহী দাসরা দুই বছর দক্ষিণ ইতালিতে টিকে ছিল। স্পার্টাকাস ৭১ খ্রিস্টপূর্বাব্দে নিহত হলে দাস বিদ্রোহের অবসান হয়।


জুলিয়াস সিজার

রোমের সবচেয়ে খ্যাতিমান সম্রাট ছিলেন জুলিয়াস সিজার। তিনি ৪৬ খ্রিস্টপূর্বাব্দে রোমের সম্রাট হন। তাঁর বিখ্যাত উক্তি 'এলাম, দেখলাম, জয় করলাম'। কিন্তু রোমে ক্ষমতার দ্বন্দ্ব ও ষড়যন্ত্র প্রবল হতে থাকলে ব্রুটাস ও ক্যাসিয়াস নামের দুই অভিজাতের হাতে জুলিয়াস সিজার নিহত হন। এবার গৃহযুদ্ধে জড়িয়ে পড়ে রোম। অবশেষে তিন নেতা একযোগে ক্ষমতায় আসেন। এরা হলেন অক্টেভিয়াস সিজার, মার্ক এন্টনি এবং লেপিডাস। এ তিনজনের একত্র শাসনকে ইতিহাসে 'ত্রয়ী শাসন' বলা হয়। ত্রয়ী শাসন বেশিদিন টেকেনি। অক্টেভিয়াস সিজার প্রথমে পরাজিত করেন লেপিডাসকে। এন্টনি মিশরের রাজকন্যা ক্লিওপেট্রা-কে বিয়ে করে শক্তি সঞ্চয় করেছিলেন। ক্লিওপেট্রাকে ইতিহাসে *Serpent of the Nile* (নীল নদের সর্প) নামে পরিচিত। কিন্তু তিনিও পরাজিত হন অক্টেভিয়াস সিজারের হাতে। এভাবে রোমান সম্রাজ্যের একচ্ছত্র অধিপতি হয়ে অক্টেভিয়াস সিজার অগাস্টাস সিজার উপাধি গ্রহণ করেন। অগাস্টাস সিজারের রাজত্বকালের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হল খ্রিস্টধর্মের প্রবর্তক যীশুখ্রিস্টের জন্ম। অগাস্টাস সিজার ১৪ সালে মারা যান। ৪৭৬ খ্রিস্টাব্দে রোমান সম্রাজ্যের পতন হয়। শেষ রোমান সম্রাট ছিলেন রোমিউলাস অগাস্টুলাস।


মিশরের রানী ক্লিওপেট্রা

Download More PDF @ www.BDNiyog.com

www.bdniyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



## দর্শন

রোমের সবচেয়ে জনপ্রিয় দার্শনিক মতবাদের নাম 'স্টোয়িকবাদ'। এ দর্শনের উন্নয়নের পিছনে তিন ব্যক্তির বিশেষ ভূমিকা ছিল। এরা ছিলেন ধনী রোমান 'সেনেকা', অন্যজন এক দাস 'এপিকটেটাস' এবং শেষ ব্যক্তিত্ব হলেন রোমান সম্রাট 'মার্কাস অরেলিয়াস'।

## সাহিত্য

এ যুগের কবি হোরাস ও ভার্জিল যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন। ভার্জিলের মহাকাব্য 'ইনিড' বহুভাষায় অনূদিত হয়েছে। ওভিদ ও লিভি এ যুগের অন্য দুই খ্যাতিমান কবি। বিখ্যাত ইতিহাসবিদ ট্যাসিটাস এ যুগে রোমে জন্ম নিয়েছিলেন।

## স্থাপত্য ও ভাস্কর্য

রোমের একটি বিখ্যাত স্থাপত্য নিদর্শন হচ্ছে সম্রাট হাড্রিয়ানের তৈরি ধর্মমন্দির প্যানথিয়ন। কলোসিয়াম নামে রোমে তৎকালীন বিশ্বের সবচেয়ে বড় নাট্যশালা তৈরি হয়েছিল। এখানে একসাথে ৫৬০০ দর্শক বসতে পারত।

## আইন

রোমানদের সবচেয়ে বড় কৃতিত্ব আইনের ক্ষেত্রে। বাইজেন্টাইন সম্রাট জাস্টিনিয়ান সর্বপ্রথম সম্পূর্ণ রোমান আইন সংকলিত করেন। আইনের ক্ষেত্রে আধুনিক বিশ্ব সম্পূর্ণভাবে রোমান আইনের উপর নির্ভরশীল।

## MCQ Solution

১. **কোনটি নদীমাতৃক সভ্যতা নয়?** [শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক সিন্ধু  খ ব্যবিলনীয়
গ রোমান  ঘ চৈনিক
উত্তর: গ

২. **'জুলিয়াস সিজার' কেন বিখ্যাত?** [৩২তম বিসিএস/ ইসলামী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]
ক রোমান সম্রাট হিসেবে  খ বর্ণবাদ বিরোধী হিসেবে
গ বৃটেনের রাজা হিসেবে  ঘ আমেরিকার প্রেসিডেন্ট হিসেবে
উত্তর: ক

৩. **Julius Caesar was the ruler of Rome about......... years ago./ জুলিয়াস সিজার ........... বছর পূর্বে রোমের শাসক ছিলেন।** [28th BCS]
a 1000  b 1500  c 2000  d 3000
Ans. c

৪. **'এলাম, দেখলাম, জয় করলাম' কথাটি বলেছেন--** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭/ পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ক আলেকজান্ডার  খ জুলিয়াস সিজার
গ নেপোলিয়ন  ঘ হিটলার
উত্তর: খ

৫. **ক্লিওপেট্রা ছিলেন-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৪-০৫/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৪]
ক মিশরের রানী  খ গ্রিসের রানী
গ তুরস্কের রানী  ঘ রোমের রানী
উত্তর: ক

৬. **'সার্পেন্ট অব দি নাইল' নামে পরিচিত কে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক : ০২]
ক মার্গারেট থ্যাচার  খ রানী ক্লিওপেট্রা
গ রানী প্রথম এলিজাবেথ  ঘ ফ্লোরেন্স নাইটিঙ্গেল
উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza  Edited by : Ajgar Ali  Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৭. প্রাচীনযুগে নগর রাষ্ট্র কোথায় ছিল? [মাধ্যমিক সহকারী শিক্ষক : ৯৮]
ⓚ গ্রেট ব্রিটেনে ⓚ প্রাচীন গ্রিস ও রোমে
ⓖ আমেরিকায় ⓖ জার্মানিতে উত্তর: খ

## ইনকা সভ্যতা (The Inca Civilization)



ইনকা সভ্যতার ধ্বংসাবশেষ

পেরুর দক্ষিণাংশে শক্তিশালী ইনকা সভ্যতার বিকাশ ঘটেছিল। ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল ১৪৩৮-১৫৩২ খ্রিস্টাব্দ পর্যন্ত। ইনকা সভ্যতার শক্তিশালী সম্রাটগণ তাদের বাসস্থান হিসাবে মাচু-পিচু নগরী গড়ে তুলেছিলেন।

- মায়া সভ্যতার নিদর্শন পাওয়া যায় মেক্সিকোর দক্ষিণে এবং উত্তর মধ্য আমেরিকাতে।

## MCQ Solution

১. ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল- [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ ১৪৩৫ থেকে ১৫৩৫ খ্রিস্টাব্দ ⓚ ১৫৪৬ থেকে ১৫৩৯ খ্রিস্টাব্দ
ⓖ ১৪৩৮ থেকে ১৫৩৩ খ্রিস্টাব্দ ⓖ ১৪৩০ থেকে ১৫৩০ খ্রিস্টাব্দ উত্তর: গ

২. ইনকা সভ্যতার ধ্বংসাবশেষ পাওয়া গেছে- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ ব্রাজিলে ⓚ ভেনিজুয়েলায়
ⓖ পেরুতে ⓖ বলিভিয়ায় উত্তর: গ

৩. The world heritage Machu Picchu is located in -/ বিশ্ব ঐতিহ্য মাচুপিচু কোথায় অবস্থিত? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এফ- ইউনিট) : ১৩-১৪/ Agrani Bank Ltd Officer : 11]
ⓐ Botswana ⓑ Mongolia
ⓒ Kampuchea ⓓ Peru
ⓔ Chili Ans. d


৪. মায়া সভ্যতার নিদর্শন পাওয়া যায় কোথায়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা বিভাগ) : ০৯-১০]
ⓚ জাপান ⓚ মেক্সিকো
ⓖ জার্মানি ⓖ ইতালি উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com

www.bdniyog.com

Scanned by CamScanner

## আদিবাসী গোষ্ঠী (Indigenous/ Aboriginal peoples)

| Indigenous People আদিবাসী সম্প্রদায় | Inhabitants of .... ............ এর অধিবাসী | Note |
|---|---|---|
| Zulu (জুলু) | দক্ষিণ আফ্রিকা | |
| Pygmy (পিগমি) | মধ্য আফ্রিকা | পৃথিবীর সবচেয়ে খর্বকায় জাতি। |
| Maasi (মাসাই) | কেনিয়া, তাঞ্জানিয়া | |
| Maori (মাওরি) | নিউজিল্যান্ড | |
| Kurdi (কুর্দি) | ইরান, ইরাক, সিরিয়া, তুরস্ক | |
| Afridi (আফ্রিদি) | পাকিস্তান | |
| Gurkha (গুর্খা) | নেপাল | |
| Toda (টোডা) | ভারত | সমাজে বহুস্বামী ভিত্তিক পরিবার দেখা যায়। |
| Naga (নাগা) | | |
| Dravidian (দ্রাবিড়) | | সাধারণভাবে দ্রাবিড়িয়ান ভাষাসমূহে (তেলেগু, কর্ণাটক, মালায়ালাম প্রভৃতি) কথা বলে এমন জনগোষ্ঠীকে দ্রাবিড় বলে। |
| Bedya (বেদে) | ভারতীয় উপমহাদেশ | যাযাবর জাতি বিশেষ। |
|  Eskimos (এস্কিমো) | সার্বিয়া (রাশিয়া), আলাস্কা (যুক্তরাষ্ট্র), কানাডা, গ্রীনল্যান্ড | এস্কিমোরা শিকারের জন্য কুকুর চালিত যে গাড়ি ব্যবহার করে তার নাম স্লেজ (Sledge)। স্লেজ গাড়ি চালাতে *Siberian Huskies* বা *Alaskan malamutes* কুকুর ব্যবহৃত হয়। |
| Red Indian (রেড ইন্ডিয়ান) | আমেরিকা | আমেরিকার আদি অধিবাসী। |
| হুটু ও টুটসি | রুয়ান্ডার ক্ষমতার লড়াইয়ে লিপ্ত দুটি প্রধান উপজাতি। | |

### MCQ Solution

১. **The 'Gurkhas' are the original inhabitants of –/ 'গুর্খা' রা কোন দেশের অধিবাসী?** [PubaliBankLtdJuniorOfficer:12/ICBSeniorOfficer:11/SadharanBimaCorporationJuniorOfficer:09]

ⓐ Bhutan ⓑ India ⓒ Nepal
ⓓ Myanmar ⓔ None of these **Ans. c**

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner
www.bdniyog.com

www.bdniyog.com



২. **Eskimos hunt using a dog-driven vehicle called-/ এস্কিমোরা শিকারের জন্য কুকুর চালিত যে গাড়ি ব্যবহার করে তার নাম-** [First Security Islami Bank Ltd. Probationary Officer: 09/ Mercantile Bank Ltd. Officer : 06]

ⓐ Cart ⓑ Sledge
ⓒ Bus ⓓ Snow Cart
ⓔ None of these **Ans. b**

৩. **Red Indian lives in- / রেড ইন্ডিয়ানরা বাস করে-** [Pubali Bank Ltd Officer : 06]

ⓐ Red Islands ⓑ America
ⓒ India ⓓ Red Sea
ⓔ None of these **Ans. b**

৪. **নিউজিল্যান্ডের আদিবাসীদের কি বলা হয়?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]

ⓚ তাতার ⓛ মাউরি
ⓖ রেড ইন্ডিয়ান ⓘ কুর্দি **উত্তর: খ**

৫. **মাওরী সম্প্রদায় কোন দেশের আদিবাসী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ-ইউনিট) : ১৪-১৫/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই- ইউনিট) : ১৩-১৪]

ⓚ অস্ট্রেলিয়া ⓛ নিকারাগুয়া
ⓖ নিউজিল্যান্ড ⓘ পেরু
ⓙ পাপুয়া নিউগিনি **উত্তর: গ**

৬. **কুর্দিদের বাস যে দেশে –** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১২]

ⓚ ইরানে ⓛ ইরাকে
ⓖ তুরস্কে ⓘ ওপরের সবগুলোতে **উত্তর: ঘ**

৭. **'জুলু' উপজাতি বাস করে –** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ⓚ লাতিন আমেরিকায় ⓛ দক্ষিণ আফ্রিকায়
ⓖ ভারতে ⓘ ফ্রান্সে **উত্তর: খ**

৮. **রুয়ান্ডার ক্ষমতার লড়াইয়ে লিপ্ত দুটি প্রধান উপজাতির একটি হলো টুটসি প্রতিপক্ষের নাম কী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]

ⓚ জুলু ⓛ হুটু
ⓖ খেমাররুজ ⓘ তামিল **উত্তর: খ**

৯. **দক্ষিণ ভারতের আদি অধিবাসীদের কি নামে অভিহিত করা হয়? –** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা : ১৬]

ⓚ টোডা ⓛ দ্রাবিড়
ⓖ সুর ⓘ আফ্রিদি **উত্তর: খ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

# আদি মানব (Ancient Human)

## Java Man (জাভা মানব)

১৮৯১ সালে ইন্দোনেশিয়ার অন্তর্গত পূর্ব জাভার সোলো নদীর তীরে প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি আবিষ্কৃত হয়। এই আদি মানবের নাম দেওয়া হয় 'জাভা মানব'।

## Heidelberg Man (হেইডেলবার্গ মানব)

১৯০৭ সালে জার্মানির হেইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের জনৈক অধ্যাপক প্রাগৈতিহাসিক মানুষের নিচের চোয়ালের হাড় আবিষ্কার করেন এবং নামকরণ করেন 'হেইডেলবার্গ মানব'।


## Peking Man (পিকিং মানব)

১৯২৯ সালে পিকিংয়ের (আধুনিক বেইজিং) নিকট পাওয়া যায় প্রাগৈতিহাসিক মানুষের মাথারখুলি। এ আদি মানুষের নাম দেওয়া হয় 'পিকিং মানব'।

## Lucy (অস্ট্রালোপিথিসিন্স লুসি)

১৯৭৪ সালের ২৪ নভেম্বর ইথিওপিয়ায় ৩.২ মিলিয়ন বছরের পুরোনো কংকাল আবিষ্কৃত হয়। কংকালটির নামকরণ করা হয় লুসি (Lucy)। এর স্পেসিস : Australopithecus afarensis।

## চিত্রে বিভিন্ন প্রকার মানবের প্রতিকৃতি

| | | |
|---|---|---|
|  |  |  |
| জাভা মানবের মাথার খুলি | হেইডেলবার্গ মানবের চোয়ালের হাড় | পিকিং মানবের মাথার খুলি |

## MCQ Solution

১. জাভা মানব কোথায় পাওয়া যায়? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]

ⓚ ইন্দোনেশিয়ায় ⓚ জার্মানিতে
ⓖ চীনে ⓖ ভারতে
উত্তর: ক

২. হাইডেলবার্গ মানব কোথায় পাওয়া যায়? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯]

ⓚ ইতালিতে ⓚ জার্মানিতে
ⓖ ভারতে ⓖ চীনে
উত্তর: খ

৩. প্রায় সম্পূর্ণ 'অস্ট্রালোপিথিসিন্স লুসি'র কংকাল ১৯৭৪ সালে নিচের কোন দেশে আবিষ্কৃত হয়? [মেডিকেল : ০৯-১০]

ক কেনিয়া খ ইরিত্রিয়া
গ ইথিওপিয়া ঘ তানজানিয়া
উত্তর: গ

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner